



উপদেষ্টা পরিষদের বৈঠকে খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া



সংগৃহীত ছবি

তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি কামনা করে দোয়া ও প্রার্থনা করেছে উপদেষ্টা পরিষদ। সভায় দেশবাসীকেও তার জন্য দোয়া করার আহ্বান জানানো হয়।

আজ মঙ্গলবার (২ ডিসেম্বর) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সভাপতিত্বে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বিশেষ বৈঠকে এই দোয়া অনুষ্ঠিত হয়। বৈঠকে খালেদা জিয়ার চলমান শারীরিক অবস্থা, চিকিৎসার অগ্রগতি এবং প্রয়োজনীয় করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় হাসপাতালেই তার চিকিৎসা যেন সম্পূর্ণ নিরাপদ, নির্বিঘ্ন ও সর্বোচ্চ মান বজায় রেখে পরিচালিত হয়—সে বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয়। পাশাপাশি প্রয়োজনে উন্নত চিকিৎসার জন্য বিদেশে স্থানান্তরের প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।

খালেদা জিয়ার দীর্ঘ রাজনৈতিক পথচলা এবং রাষ্ট্রে তার গুরুত্বপূর্ণ ভূমিকার প্রতি সম্মান জানিয়ে তাকে ‘অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি’ (ভিভিআইপি) মর্যাদা প্রদান করার সিদ্ধান্তও সভায় অনুমোদিত হয়।

এ উদ্যোগগুলো যেন অবিলম্বে কার্যকর করা হয়—সেই নির্দেশ সংশ্লিষ্ট সব সংস্থায় পাঠানো হয়েছে। একইসঙ্গে গৃহীত সিদ্ধান্তগুলো খালেদা জিয়ার পরিবার ও তার দলের নেতৃত্বকেও আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছে।